রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৩, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ/ ১২ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- *০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৩.২৬.১৭৪*—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **প্রবাসীবান্ধব সেবা নিশ্চিতকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি** নিম্নরূপে পুনর্গঠন করেছে:

১.১। **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | প্রতিমন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| (৩) | উপদেষ্টা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| (৪) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| (৮) | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (১১) | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (১২) | প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী, এশিয়া প্যাসিফিক অঞ্চলের বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক | সদস্য |
| (১৩) | চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | সদস্য |
| (১৪) | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) | সদস্য |
| (১৫) | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | সদস্য |
| (১৬) | অনুবিভাগ প্রধান, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব। |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

(১) কমিটি অভিবাসন প্রত্যাশী কর্মীদের বৈধ অভিবাসনে উৎসাহিতকরণ ও কর্মী প্রেরণ বৃদ্ধি এবং এ ক্ষেত্রে সমস্যাসমূহ চিহ্নিতকরণ, বিদেশে অভিবাসী কর্মীদের কল্যাণ ও অধিকার সুরক্ষা এবং ঝামেলামুক্ত ও সম্মানজনক সেবাপ্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থা, কর্তৃপক্ষ প্রভৃতির মধ্যে কার্যকর সমন্বয় নিশ্চিত করবে।

(২) কমিটি বিমানবন্দরসহ সর্বক্ষেত্রে প্রবাসীবান্ধব সেবা ও সুবিধা সহজীকরণ, নিশ্চিতকরণ ও সম্প্রসারণ এবং সেবা কাঠামোতে বিদ্যমান সমস্যা ও সীমাবদ্ধতা চিহ্নিত করে উপযুক্ত সমাধানে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

১.৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৪। কমিটি সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। মন্ত্রিপরিষদ বিভাগের ২৩ জুলাই ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৩.২৬.১৬৩ স্মারকের অনুবৃত্তিক্রমে এ আদেশ জারি করা হলো।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd